# বিয়াম বার্তা

## বিয়াম ফাউন্ডেশন ষান্মাসিক নিউজ বুলেটিন

**জানুয়ারি-জুন ২০২৪**









বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬৩, নিউ ইস্কাটন, ঢাকা-১২০৭

বিয়াম বার্তা জানুয়ারি-জুন ২০২৪

## বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন


| | |
|---|---|
| উপদেষ্টা | : **জনাব মো: মাহবুব-উল- আলম**<br>**মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন** |
| প্রধান সম্পাদক | : **জনাব আরিফ আহমেদ**<br>পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন , ঢাকা |
| সম্পাদক | : **জনাব সালাহউদ্দিন আহাম্মদ খান**<br>কোর্স সমন্বয়ক, বিয়াম ফাউন্ডেশন , ঢাকা |
| কৃতজ্ঞতা | : **জনাব মো: আবদুল মান্নান**<br>পরিচালক (অর্থ) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা<br>**জনাব মো: আহ্সানুর রহমান হাসিব**<br>পরিচালক (শিক্ষা ও প্রশিক্ষণ) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা |
| সম্পাদনা সহযোগিতায় | : **জনাব মোহা: আব্দুর রফিক**<br>পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া<br>**জনাব মো: লুৎফর রহমান**<br>পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার<br>**জনাব আবু হানিফ টিপু**<br>সহকারী পরিচালক (প্রশাসন),বিয়াম ফাউন্ডেশন ঢাকা<br>কোর্স সমন্বয়ক (সকল), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা/বগুড়া/কক্সবাজার |
| অলংকরণ/ ডিজাইন | : **জনাব মো: আরিফুর রহমান**<br>ইনস্ট্রাক্টর, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা |
| ফটোগ্রাফি | : **জনাব আহসান কবির,**<br>ফটোগ্রাফার, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা |
| প্রকাশকাল | : জুন, ২০২৪ খ্রিস্টাব্দ |

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালিত:

২১শে ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ যথাযথ ভাবগাম্ভীর্য ও বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে উদযাপন করা হয়। এ দিবস উপলক্ষ্যে ভাষা শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে বিয়াম চত্বরে স্থাপিত বেদিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বিয়ামের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম। এসময় বিয়ামের দুটি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ ও ছাত্র-শিক্ষক, বিয়ামের পরিচালকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দও উপস্থিত ছিলেন।




## ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপিত:

ঐতিহাসিক ৭ই মার্চ জাতীয় দিবস এ বছর জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার অংশগ্রহণে একযোগে পালিত হয়। বিসিএস (প্রশাসন) একাডেমিতে আমাদের গৌরবময় স্বাধীনতা সংগ্রামের অবিসংবাদিত নেতা জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পার্ঘ অর্পণ করা হয় এবং আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়। বিয়ামের মহাপরিচালক ও কর্মকর্তা-কর্মচারীগণও এতে অংশগ্রহণ করেন।



## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালিতঃ

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ও বিয়ামের যৌথ উদ্যাগে উৎসাহ উদ্দীপনার সাথে পালিত হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, বিভিন্ন দপ্তর/সংস্থার প্রধান ও মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ এতে অংশগ্রহণ করেন। বিয়াম চত্বরে স্থাপিত জাতির পিতার ম্যুরালে শ্রদ্ধাঞ্জলি অর্পণের পর বিয়াম মিলনায়তনে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ঐতিহাসিক নেতৃত্ব ও দেশের উন্নয়ন' শীর্ষক এক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।



আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় অর্থ মন্ত্রী জনাব আবুল হাসান মাহমুদ আলী, এম.পি, বিশেষ অতিথির আসন অলংকৃত করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি। প্রধান আলোচক হিসেবে বক্তৃতা করেন বিশিষ্ট শিক্ষাবিদ ও বঙ্গবন্ধু চেয়ার অধ্যাপক, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন। বিশেষ আলোচক ছিলেন বীর মুক্তিযোদ্ধা লেঃ কর্ণেল (অব.) কাজী সাজ্জাদ আলী জহির, বীর প্রতিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। আলোচনা অনুষ্ঠানে বিশিষ্ট বক্তারা বঙ্গবন্ধুর অসীম সাহসিকতা, বিচক্ষণতা, দূরদৃষ্টি ও ঐতিহাসিক নেতৃত্বের বিভিন্ন দিক তুলে ধরে দেশের উন্নয়ন অগ্রযাত্রায় তাঁর অবদানকে শ্রদ্ধার সাথে স্মরণ করেন।






## ইনোভেশন শোকেসিং-২০২৪ পালিত:

'ইনোভেশন শোকেসিং ২০২৪' জনপ্রশাসনে উদ্ভাবন-মানসিকতাসম্পন্ন ও সৃজনশীল কর্মচারীদের গৃহীত ব্যতিক্রমী কার্যক্রম, যা অধিকতর জনসেবা প্রদানের নিমিত্ত একটি আয়োজন। গত ১৯ মে, ২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে প্রথমবারের মতো বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় দিনব্যাপী ইনোভেশন শোকেসিং-২০২৪ অনুষ্ঠিত হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থা হতে স্ব-স্ব ইনোভেশন শোকেসিং উপস্থাপন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি এদিন সকালে ফিতা কেটে এর শুভ উদ্বোধন করেন। তিনি বিভিন্ন প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থার ইনোভেশন শোকেসিং স্টল ঘুরে দেখেন। এসময় তাঁর সাথে সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী, বিসিএস (প্রশাসন) একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক, এনএপিডির মহাপরিচালক (সচিব) জনাব সুকেশ কুমার সরকার, বিয়ামের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলমসহ উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।





পরে বিয়ামের মাল্টিপারপাস হলে আয়োজিত ইনোভেশন শোকেসিং বিষয়ক এক আলোচনা সভায় মাননীয় মন্ত্রী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে এ ধরণের উদ্যোগের প্রশংসা করেন।






## বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ০২ (দুই) মাস ব্যাপী ৮৫তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স:

বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় ১০ ডিসেম্বর ২০২৩ খ্রি: হতে ০৭ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: তারিখ মেয়াদে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ০২ (দুই) মাস ব্যাপী ৮৫তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। উক্ত প্রশিক্ষণে ৪০জন চিকিৎসক কর্মকর্তা অংশগ্রহণ করেন ও সাফল্যের সাথে উত্তীর্ণ হন। ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বিয়ামের মাল্টিপারপাস হলে আয়োজিত প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) অধ্যাপক ড. মো: শামিউল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিয়াম ফাউন্ডেশনের পরিচালক (প্রশিক্ষণ) ও কোর্স পরিচালক জনাব মো: আবদুল মালেক। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কোর্স সমন্বয়ক জনাব সালাহউদ্দিন আহাম্মদ খান। প্রশিক্ষণ কোর্সের চূড়ান্ত ফলাফল বিবরণী অনুসারে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী প্রশিক্ষণার্থীত্রয় প্রধান অতিথির নিকট হতে সনদ ও ক্রেস্ট প্রাপ্তির পর এক ফটোসেশনে অংশগ্রহণ করেন।




## ৪র্থ বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিসিএস পরিবার পরিকল্পনা ক্যাডার (কারিগরি ও মেডিকেল):

বিসিএস পরিবার পরিকল্পনা (কারিগরি ও মেডিকেল) ক্যাডার কর্মকর্তাদের জন্য আয়োজিত ০২ (দুই) মাস মেয়াদি ৪র্থ বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স গত ০৩.১২.২০২৩ তারিখে শুরু হয়ে ৩১.০১.২০২৪ তারিখে সফলভাবে সমাপ্ত হয়। অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ছিল ৪০ জন। কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ আজিজুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মাহপরিচালক (গ্রেড-১) জনাব সাহান আরা বানু এনডিসি। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ মাহবুব-উল-আলম। কোর্স পরিচালক ও পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা জনাব আরিফ আহমেদ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন।



## রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর কর্মকর্তা-কর্মচারীদের ৩য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স:

বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় গত ১লা ফেব্রুয়ারি ২০২৪ তারিখে অনুষ্ঠিত হলো রাজউক এর কর্মকর্তা/কর্মচারীদের ৪৫ (পঁয়তাল্লিশ) দিন মেয়াদি '৩য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স' এর সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান। উক্ত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজউকের সদস্য (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ খুরশীদ আলম। স্বাগত বক্তব্য দেন কোর্স পরিচালক ও পরিচালক (শিক্ষা) জনাব মুহম্মদ হিরুজ্জামান এনডিসি।




## পিজিসিবি লিঃ এর কর্মকর্তাদের (উপ-সহকারী পকৌশলী) ২৪তম বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স:

বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় গত ০৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) এর উপ-সহকারী প্রকৌশলী পদমর্যাদার ৪০জন কর্মকর্তার অংশগ্রহণে ৫০ (পঞ্চাশ) দিন মেয়াদি ২৪ তম বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ শুরু হয়। কোর্সটি গত ২৫ মার্চ ২০২৪ তারিখে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। এই কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরণ করেনপিজিসিবি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক জনাব এ,কে,এম, গাউছ মহিউদ্দিন আহমেদ। বিশেষ অতিথি হিসেবে উভয় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিজিসিবি লিঃ এর নির্বাহী পরিচালক (মানব সম্পদ) ও যুগ্মসচিব জনাব মোঃ আনেয়ারুল ইসলাম। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিয়াম ফাউন্ডেশনের পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ আবদুল মালেক ও সমাপনী অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন বিয়ামের পরিচালক (প্রশাসন) জনাবে আরিফ আহমেদ। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি কৃতি প্রশিক্ষণার্থীদের সনদপত্র ও ডিজি এ্যাওয়ার্ড প্রাপ্ত প্রশিক্ষণার্থীকে ক্রেস্ট ও মেডেল প্রদান করেন।





## নর্দান ইলেক্ট্রিসিটি সাপাই কোম্পানী (নেসকো) পি.এল.সি এর কর্মকর্তাদের প্রশিক্ষণ সম্পন্নঃ

বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় নেসকো পি.এল.সি এর কর্মকর্তাদের ১২ (বার) দিন মেয়াদি 'পাবলিক প্রকিউরমেন্ট এন্ড প্রজেক্ট ম্যানেজমেন্ট' (২য় ব্যাচ) শীর্ষক প্রশিক্ষণ কোর্স গত ১৪.০২.২০২৪ হতে ২৫.০২.২০২৪ মেয়াদে সফলভাবে সম্পন্ন হয়। এই প্রশিক্ষণ কোর্সে মোট ২৪ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন ও সাফল্যের সাথে উত্তীর্ণ হন। উক্ত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব ও নেসকো পি.এল.সি এর চেয়ারম্যান ড. সৈয়দ মাসুম আহমেদ চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নেসকো পি.এল.সি এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ জাকিউল ইসলাম। কোর্স পরিচালক ও সভাপতির দায়িত্ব পালন করেন বিয়ামের পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ আবদুল মালেক। সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের সনদ বিতরণ করেন নেসকো পি.এল.সি এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌঃ জাকিউল ইসলাম।







## ৮৬তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারঃ

বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় গত ১৫ এপ্রিল, ২০২৪ তারিখে বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার কর্মকর্তাদের ৪৪জন চিকিৎসক কর্মকর্তাদের অংশগ্রহণে ০২ (দুই) মাস মেয়াদি ৮৬তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ শুরু হয়। কোর্সটি গত ১৩ জুন ২০২৪ তারিখে সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। এই কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কোর্সের শুভ উদ্বোধন ঘোষণা করেন বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব মো: মাহবুব-উল-আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. হারুন-অর-রশীদ। এ কোর্সের কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন বিয়াম ফাউন্ডেশনের পরিচালক (অর্থ) জনাব মো: আব্দুল মান্নান। এই কোর্সের প্রশিক্ষণার্থীরা গত ১২ জুন, ২০২৪ তারিখে এক মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা 'সুহৃদ-৮৬' উপহার দেন।






## স্বাস্থ্য সেবা বিভাগের এইচআরডি-ওপি এর আওতায় স্বাস্থ্য সেক্টরে কর্মকর্তাদের লিডারশীপ ও দক্ষতা বৃদ্ধিকল্পে বিভিন্ন সংক্ষিপ্ত প্রশিক্ষণ কোর্স আয়োজনঃ

স্বাস্থ্য সেবা বিভাগের এইচআরডি-ওপি এবং বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর যৌথ আয়োজনে স্বাস্থ্য সেক্টরের মধ্য পর্যায়ের কর্মকর্তাদের (সিভিল সার্জন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা) ০৫ (পাঁচ) দিন মেয়াদি 'হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট কোর্স' (১ম ব্যাচ) ০৯ -১৩ মার্চ ২০২৪ মেয়াদে, 'স্ট্রেন্দেনেং অব সাপোর্টিভ সুপারভিশন, মনিটরিং এন্ড মেন্টরিং প্রশিক্ষণ কোর্স' (১ম ও ২য় ব্যাচ), ২০-২৪ এপ্রিল, ২০২৪ মেয়াদে 'ট্রেইনিং অন স্কিল ডেভেলপমেন্ট ফর এইচআরডি অফিসার্স' (১ম, ও ২য় ব্যাচ), ০৪-০৮ মে,২০২৪ মেয়াদে এবং অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার প্রশিক্ষণ কোর্স (১ম ও ২য় ব্যাচ), ২৩-২৭ জুন, ২০২৪ মেয়াদে সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। প্রতিটি কোর্সের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে স্বাস্থ্য সেবা বিভগের সচিব জনাব মোঃ জাহাঙ্গীর আলম উপস্থিত থেকে অংশগহণকারী প্রশিক্ষণার্থীদের অনুপ্রেরণার উৎস হয়েছেন।







## মধ্য ও উর্ধ্বতন পর্যায়ের সরকারি কর্মকর্তাদের ৫ম 'পলিসি ফরমুলেশন, ই-গভার্নেন্স ও আইসিটি' প্রশিক্ষণ কোর্স সম্পন্নঃ

'স্ট্রেংদেনিং ইনস্টিটিউশনাল ক্যাপাসিটি অব বিয়াম ফর কন্ডাক্টিং কোর কোর্সেস' প্রকল্পের আওতায় মধ্যস্তর ও উর্ধ্বতন পর্যায়ের সরকারি কর্মকর্তাদের জন্য ১৫ (পনের) দিন মেয়াদি 'পলিসি ফরমুলেশন, ই-গভার্নেন্স ও আইসিটি' প্রশিক্ষণ কোর্স (৫ম ব্যাচ) গত ৩০ মে, ২০২৪ তারিখে শুরু হয়ে ১৩ জুন, ২০২৪ তারিখে সফলভাবে সম্পন্ন হয়েছে। উক্ত কোর্সের উদ্বোধনী ও সমাপনী উভয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিয়াম ফাউন্ডেশনের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম। কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এর পরিচালক (অর্থ) জনাব মোঃ আব্দুল মান্নান।







ছবি: সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির নিকট হতে সনদপত্র ও ফোল্ডার গ্রহণ করছেন সরকারের যুগ্মসচিব ড. জিন্নাত রেহানা।

## ‘পলিসি ফরমুলেশন, ই-গভার্নেন্স ও আইসিটি’ প্রশিক্ষণ কোর্স (৫ম ব্যাচ) এর অংশ হিসেবে মেমিনার আয়োজন:

‘পলিসি ফরমুলেশন, ই-গভার্নেন্স ও আইসিটি’ প্রশিক্ষণ কোর্স (৫ম ব্যাচ) এর আওতায় ‘ Foreign Policy and Challenges: Bangladesh Perspectives’ বিষয়ে গত ১২ জুন, ২০২৪ তারিখ একটি সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে কী নোট পেপার উপস্তাপন করেন সাবেক রাষ্ট্রদূত ও পররাষ্ট্র সচিব জনাব মোঃ হুমায়ুন কবীর। মেনিারে প্রধান অতিথি ও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সিনিয়র সচিব জনাব মোঃ আমিনুল ইসলাম খান। সভাপতি ও আলোচক হিসেবে উপস্তিত ছিলেন বিয়ামের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম। সেমিনারে জনপ্রশাসন মন্ত্রণালয়, বিসিএস (প্রশাসন) একাডেমি, লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি), ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি), জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) প্রভৃতি প্রশিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিত্বকারী কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। সেমিনারে র‌্যাপর্টিয়ারের দায়িত্ব পালন করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব মিস ফেরদৌসি আক্তার।






জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন কলেজ শিক্ষকদের জন্য আয়োজিত ২৮ দিন মেয়াদি 'ToT Program on Pedagogy' শীর্ষক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শুভ উদ্বোধন ঘোষণা করেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব সোলেমান খান। সভাপতিত্ব করেন সিইডিপি প্রকল্প পরিচালক (অতিরিক্ত সাচিব) জনাব মোহাম্মদ খালেদ রহিম। বিয়ামের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম এবং ঢা.বি. শিক্ষক অধ্যাপক ড. দিবা হোসেন মঞ্চে উপস্থিত ছিলেন।




ছবি: উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি, বিয়ামের অনুষদবর্গ ও অংশগ্রহণকারী সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকবৃন্দ

## বিয়াম ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের জন্য ‘কোয়ালিটি এডুকেশন এন্ড স্কিল ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ কোর্স (২য় ব্যাচ) আয়োজন:

বিয়াম ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত বিয়াম ল্যাবরেটরি স্কুল ও কলেজ এবং বিয়াম মডেল স্কুল ও কলেজ সমূহের শিক্ষকদের মান ও দক্ষতা বৃদ্ধিকল্পে বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় গত ০১-০৩ ফেব্রুয়ারি ২০২৪ মেয়াদে ‘কোয়ালিটি এডুকেশন এন্ড স্কিল ডেভেলপমেন্ট’ প্রশিক্ষণ কোর্স (২য় ব্যাচ) সফলভাবে সম্পন্ন হয়। প্রশিক্ষণ কোর্সের শুভ উদ্বোধন করেন বিয়াম পরিচালনা বোর্ডের সভাপতি ও নৌ পরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মোস্তফা কামাল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিয়ামের মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম। আরও উপস্থিত ছিলেন পরিচালক (শিক্ষা) জনাব মুহম্মদ হিরুজ্জামান এনডিসি। কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান শেষে অংশগ্রহণকারী শিক্ষকগণ, বিয়ামের অনুষদবৃন্দ এবং বিয়াম ল্যাবরেটরি স্কুল ও কলেজ এবং বিয়াম মডেল স্কুল ও কলেজ এর অধ্যক্ষদ্বয় প্রধান অতিথির সাথে এক ফটোসেশনে অংশ নেন।






ছবি: ‘কোয়ালিটি এডুকেশন এন্ড স্কিল ডেপেলপমেন্ট’ প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের সনদপত্র ও ফোল্ডার তুলে দেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব জনাব সোলেমান খান।

## বিয়াম ফাউন্ডেশন, ঢাকায় সাম্প্রতিক সময়ের কিছু উন্নয়ন কাজের সচিত্র প্রতিবেদন:



বিয়াম ফাউন্ডেশন, ঢাকা সংলগ্ন রাজউক কর্তক প্রদত্ত ১৭ শতক জমিতে বাউন্ডারি দেয়াল



উত্তরা ১৫নং সেক্টরে রাজউক কর্তৃক বরাদ্দকৃত ৩.২০ বিগা জমিতে সীমানা প্রাচীর নির্মাণ



মহাপরিচালক বিয়াম কর্তক সীমানা প্রাচীর নির্মান কার্যক্রম পরিদর্শন।

## বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া

[জানুয়ারি-জুন, ২০২৪খ্রি. পর্যন্ত]

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়ায় পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর উপসহকারী প্রকৌশলী কর্মকর্তাগণের ২৩তম বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি ২৩-১২-২০২৩খ্রি. হতে ০৭-০২-২০২৪খ্রি. তারিখ পর্যন্ত মেয়াদে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে ৪০ জন উপসহকারী প্রকৌশলী কর্মকর্তা অংশগ্রহণ করে কোর্সটি সফলভাবে সমাপ্ত করেছেন।




প্রশিক্ষনার্থীদের সাথে মহাপরিচালকের গ্রুপ ছবি




উদ্বোধনী অনুষ্ঠানের ছবি

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড এর উপসহকারী প্রকৌশলী কর্মকর্তাগণের ২৩তম বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের উদ্বধোনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব এ.কে.এম গাউছ মহীউদ্দিন আহমেদ, ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, মোঃ আনোয়ারুল ইসলাম, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড, ঢাকা। উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন জনাব মোহাঃ আব্দুর রফিক, পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া।



প্রশিক্ষণার্থীদের সম্মানে মহাপরিচালক কর্তক প্রদত্ত চা-চক্রে হাস্যোজ্জল প্রশিক্ষণার্থীবৃন্দ



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস (২৬শে মার্চ) উপলক্ষ্যে মহান শহীদের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করেন জনাব মোহাঃ আব্দুর রফিক, পরিচালক, বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া, কোর্স সমন্বয়কসহ ২৮তম বিভাগীয় বুনিয়াদি কোর্সের প্রশিক্ষণার্থীবৃন্দ।

## উন্নয়নমূলক কাজের প্রতিবেদন



ডরমেটরী ভবনে ছবি

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া আগত প্রশিক্ষণার্থী ও অতিথিগণ ডরমেটরী ভবনে অবস্থান করেন। অবস্থানকালীন সময়  মশার উৎপাত হতে রক্ষা পাওয়ার জন্য ডরমিটরী ভবনের ১ম তলা এবং ৪র্থ তলার সামনে এবং পিছনের অংশে নেটসহ গ্লাসের পাল্লা স্থাপন করা হয়েছে। এরফলে ডরমিটরী ভবনের সৌন্দর্য বৃদ্ধিসহ আগত প্রশিক্ষণার্থী ও অতিথিগণ মশার উৎপাত হতে রক্ষা পেয়েছে।



অবকাশ (ফটোবুথ) কর্ণার

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়ায় প্রশিক্ষণরত প্রশিক্ষণার্থীগণ এবং অতিথিগণ এই অবকাশ (ফটোবুথ) কর্ণারে ফটো সেশন করতে পারেন এবং ক্লাস বিরতীর সময় এই অবকাশ (ফটোবুথ) কর্ণারে সময় কাটাতে পারেন । এই অবকাশ (ফটোবুথ) কর্ণার স্থাপনের ফলে প্রশাসনিক ভবনের সৌন্দর্য বৃদ্ধির সাথে সাথে প্রশিক্ষণের মানও বৃদ্ধি পেয়েছে।

## বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার কর্তৃক আয়োজিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর কর্মকর্তাগণের ২য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাদের জন্য বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে আয়োজিত ৪৭ (সাতচল্লিশ) দিন মেয়াদি "২য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স" এর সমাপনী অনুষ্ঠান হয় ০২ জানুয়ারি, ২০২৪ খ্রি.। বিয়াম ফাউন্ডেশন এর সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ মাহবুব উল আলম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এর সম্মানীত চেয়ারম্যান জনাব আব্দুল কাইয়ুম সরকার। কোর্স পরিচালক হিসেবে উপস্থিত ছিলেন বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার এর কোর্স সমন্বয়ক জনাব মোঃ নাসির উদ্দিন।




২য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠান (বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ)

পায়রা বন্দর কর্তৃপক্ষ এর কর্মকর্তা-কর্মচারীদের ২য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

পায়রা বন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের জন্য বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে আয়োজিত ৪২ (বিয়াল্লিশ) দিন মেয়াদি "২য় বিভাগীয় বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স" এর সমাপনী অনুষ্ঠান হয় ০৭ জানুয়ারি, ২০২৪ খ্রি.। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পায়রা বন্দর কর্তৃপক্ষ এর সম্মানীত চেয়ারম্যান রিয়ার এডমিরাল গোলাম সাদেক,এনজিপি, এনডিসি, এসসিসি, পিএসসি। কোর্স পরিচালক হিসেবে উপস্থিত ছিলেন বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার এর কোর্স সমন্বয়ক জনাব মোঃ নাসির উদ্দিন।



## বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

২১ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। সূর্যোদয়ের সাথে সাথে পতাকাবিধি অনুসরণপূর্বক জাতীয় পতাকা উত্তোলন এর মধ্য দিয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের কর্মসূচির সূচনা হয়। বিয়াম কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের পক্ষ হতে বিয়াম কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। অতঃপর ১৯৫২ সালের ভাষা শহীদগণের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিয়াম কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের পক্ষ থেকে কক্সবাজার কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পার্ঘ্য অর্পণ করেন বিয়াম কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান । এরপর শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এছাড়াও শহীদগণের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে বিয়াম মসজিদে বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়।



**মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিয়াম কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারীদের সাথে নিয়ে বিয়াম কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।**

৭ মার্চ, ২০২৪ তারিখে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। ভোরে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে ঐতিহাসিক ৭ই মার্চ দিবসের কর্মসূচির সূচনা হয়। অতঃপর ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদযাপন উপলক্ষে বিয়াম, কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের সাথে নিয়ে বিয়াম কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পরবর্তীতে ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের ভিডিও প্রদর্শনী করা হয়।





ঐতিহাসিক ৭ই মার্চ -২০২৪ উপলক্ষে জেলা প্রশাসন এর বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস - ২০২৪ পালিত

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারের উদ্যোগে গত ১৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপন করা হয়েছে। এ বছর দিবসের প্রতিপাদ্য "স্মার্ট বাংলাদেশের স্বপ্নে বঙ্গবন্ধুর জন্মদিন, শিশুদের চোখ সমৃদ্ধির স্বপ্নে রঙিন"- কে সামনে রেখে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পালন করা হয় দিবসটিকে। ভোর ৬:০০ ঘটিকায় জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে সূচনা করা হয় দিবসটির আনুষ্ঠানিক কার্যক্রম। জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ, বঙ্গবন্ধুর জীবনীর ওপর আলোচনা সভার মাধ্যমে অংশগ্রহণকারীদের নিকট দিবসটির তাৎপর্য তুলে ধরা হয়। বিয়াম কক্সবাজারের কোর্স সমন্বয়ক জনাব মোঃ নাসির উদ্দিন এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিয়াম কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান। অতিথিবৃন্দের পাশাপাশি বিয়াম কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং কক্সবাজার বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ আলোচনা সভায় উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।



জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ উপলক্ষে 'বঙ্গাবন্ধুর স্বপ্ন ধরে আনব হাসি সবার ঘরে' এর উপর আলোচনা সভা

বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে ২৫ মার্চ গণহত্যা দিবস উদযাপিত

২৫ মার্চ, ২০২৪ তারিখে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে ২৫ মার্চ গণহত্যা দিবস ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভার আয়োজন করা হয়। বিয়াম কক্সবাজারের কোর্স সমন্বয়ক জনাব মোঃ নাসির উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভার প্রধান অতিথি বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মুহম্মদ ইয়াসিন আরাফাত দিনটির তাৎপর্য তুলে ধরেন।



১৯৭১ সালের ২৫ মার্চ কালরাতে নিহতদের স্মরণে রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া ও মিলাদ মাহফিল

## বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপিত

২৬ মার্চ, ২০২৪ তারিখে বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজারে যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্যদিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপিত হয়েছে। এদিন ভোর ৫.৫০ ঘটিকায় সূর্য উঠার সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিনটির আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ, স্বাধীনতা ও জাতীয় দিবস এর তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা এবং বিয়াম ক্যাম্পাস সম্পূর্ণরূপে বর্ণিল আলোকসজ্জা করা হয়। বিয়াম কক্সবাজারের কোর্স সমন্বয়ক জনাব মোঃ নাসির উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভার প্রধান অতিথি বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ জনাব মুহম্মদ ইয়াসিন আরাফাত দিনটির তাৎপর্য তুলে ধরেন। উক্ত অনুষ্ঠানে বিয়াম কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং কক্সবাজার বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ আলোচনা সভায় উপস্থিত ছিলেন। এছাড়া গণহত্যা দিবস উপলক্ষে ২৫ মার্চ কালোরাতে এবং স্বাধীনতা যুদ্ধে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত বিয়াম মসজিদে অনুষ্ঠিত হয় এবং ২৫ মার্চ রাত ১২.০০ – ১২.০১ ঘটিকায় বিদ্যুৎ বিচ্ছিন্নকরণের মাধ্যমে গণহত্যায় শহীদদের স্মরণে প্রতীকী ব্লাক আউট পালন করা হয়




২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২৪ উপলক্ষে বিয়াম কক্সবাজারের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের সাথে নিয়ে বিয়াম কক্সবাজারের পরিচালক জনাব মোঃ লুৎফুর রহমান বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।



বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, কক্সবাজার এ One Stop Sells Point এর উদ্বোধন করে বিয়াম ফাউন্ডেশন, এর সম্মানিত মহাপরিচালক জনাব মোঃ মাহবুব-উল-আলম



২৬ জ্যৈষ্ঠ ১৪৩০
০৯ জুন ২০২৪

আমরা শোকাহত

## শোকবার্তা

বিয়াম ফাউন্ডেশন, ঢাকা'র কম্পিউটার অপারেটর (পিএ টু মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা) জনাব মোঃ আবু সুফিয়ান হৃদযন্ত্র ক্রিয়া বন্ধ হয়ে গত ০৬ জুন, ২০২৪ খ্রি. (বৃহস্পতিবার) দুপুর ২:০৮ ঘটিকায় বারডেম জেনারেল হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউ'ন)। তিনি চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, সদালাপী, নিষ্ঠাবান ও বন্ধুবৎসল ছিলেন। তাঁর মৃত্যুতে বিয়াম পরিবারের সকলে গভীরভাবে শোকাহত।

আমরা তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি সহমর্মিতা ও গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

মহান আল্লাহ তায়ালা তাঁকে জান্নাতবাসী করুন।

(মোঃ মাহবুব-উল-আলম)
মহাপরিচালক
বিয়াম ফাউন্ডেশন।